গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২২১/২০১৮-২০১৯
ঢাকা, মঙ্গলবার ২১ মে ২০১৯, ৭ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। দেশে সবাই স্বাধীনভাবে ধর্ম পালন করবে :
বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে বৌদ্ধ ধর্মাবলম্বীদের সাথে শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী
২। বাংলাদেশের উন্নয়নে জাপানের সহযোগিতা অব্যাহত থাকবে :
প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎকালে জাপানের রাষ্ট্রদূত
৩। প্রধানমন্ত্রীর কাছে ৫ লাখ ২৩ হাজার কোটি টাকার খসড়া বাজেট পেশ
আগামী ১৩ জুন সংসদে বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী
৪। সরাসরি পিডিদের কাছে অর্থ যাবে : পরিকল্পনামন্ত্রী
৫। বিজ্ঞান চর্চায় ড. ওয়াজেদ মিয়ার অবদান ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রেরণা যোগাবে : স্পিকার
৬। কাজে গতি বাড়াতে মন্ত্রিসভায় পরিবর্তন : সেতুমন্ত্রী
৭। সরকার কৃষকের পাশে আছে : কৃষিমন্ত্রী
৮। বিএনপির নেতৃত্ব খালেদা-তারেকের হাতে নেই : তথ্যমন্ত্রী
৯। বিচারাধীন মামলার সংবাদ প্রকাশ নিয়ে
ভুল বোঝাবুঝির ব্যাখ্যা দেবে সুপ্রিম কোর্ট প্রশাসন : আইনমন্ত্রী
১০। আঞ্চলিক বিদ্যুৎ উন্নয়ন প্রকল্পে এডিবির অর্থায়ন চায় বাংলাদেশ
১১। পণ্যের মানের বিষয়ে জিরো টলারেন্স : শিল্পমন্ত্রী
১২। চট্টগ্রাম বন্দরের গতিশীলতা বৃদ্ধি সরকারের প্রথম অগ্রাধিকার : নৌ-প্রতিমন্ত্রী
১৩। প্রাথমিকে নতুন করে প্রধান শিক্ষক নিয়োগ নয় : গণশিক্ষা প্রতিমন্ত্রী
১৪। বিমানের হজ ফ্লাইটের টিকিট বিক্রি শুরু
১৫। ব্যাংক ঋণের সুদ ৯% না নামালে সরকারি তহবিল নয়

চলমান পাতা-২

১। **দেশে সবাই স্বাধীনভাবে ধর্ম পালন করবে :**

বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে বৌদ্ধ ধর্মাবলম্বীদের সাথে শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী

বাংলাদেশে সবাই স্বাধীনভাবে নিজ নিজ ধর্ম পালন করবে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যে কোনো সম্প্রদায়ই নিজেকে কখনও অবহেলিত যেন মনে না করে, সেদিকে আমরা বিশেষভাবে দৃষ্টি রাখি। আর সেদিক থেকে বলব, বাংলাদেশ আজ সমগ্র বিশ্বেই একটা দৃষ্টান্ত স্থাপন করতে সমর্থ হয়েছে। তিনি বলেন, বাংলাদেশের মাটিতে যারা বসবাস করেন সবাই যার যার ধর্ম সম্মানের সঙ্গে, নিষ্ঠার সঙ্গে শান্তিপূর্ণভাবে পালন করতে পারবে, সেটাই আমরা চাই। এ সহনশীলতা এবং ভ্রাতৃত্ববোধ সবার মাঝে থাকবে, এটাই আমাদের লক্ষ্য। গতকাল (২০ মে সোমবার) গণভবনে বৌদ্ধ পূর্ণিমা উদ্‌যাপন উপলক্ষে সারাদেশ থেকে আসা বৌদ্ধ ধর্মাবলম্বী, বৌদ্ধ ভিক্ষু, সংঘ সদস্য, সংঘপ্রধানদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

২। **বাংলাদেশের উন্নয়নে জাপানের সহযোগিতা অব্যাহত থাকবে :**

প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎকালে জাপানের রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত হিরোইয়াসু ইজুমি বলেছেন, জাপান বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে তার চলমান সহযোগিতা অব্যাহত রাখবে। জাপানের রাষ্ট্রদূত গতকাল (২০ মে সোমবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে একথা বলেন। জাপানের দূত প্রধানমন্ত্রীকে অবহিত করেন যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার আসন্ন জাপান সফরে দুই দেশের মধ্যে আড়াই বিলিয়ন ডলার সমমূল্যের ৪০তম অফিসিয়াল ডেভেলপমেন্ট অ্যাসিসটেন্স (ওডিএ) চুক্তি স্বাক্ষরিত হবে, যা গত বছরের চাইতে ৩৫ শতাংশ বেশি।

রাষ্ট্রদূত আরও বলেন, জাপানের প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে জাপানে তাঁর আসন্ন সফরে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জানাতে অধীর আগ্রহে অপেক্ষা করছেন। বিগত নির্বাচনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিপুল ভোটে বিজয়ী হওয়ায় তাঁকে অভিনন্দন জানিয়ে জাপানের দূত বলেন, আগামী ৫ বছর বাংলাদেশের অর্থনীতির জন্য খুবই গুরুত্বপূর্ণ। প্রধানমন্ত্রী এ সময় জাপানের প্রধানমন্ত্রী শিনজো অ্যাবেকে তাঁর শুভেচ্ছা জানিয়ে বলেন, তিনিও জাপানের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে জাপানের বিভিন্ন অবদানের কথা স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, জাপান বাংলাদেশের এক মহান বন্ধু। তিনি এ প্রসঙ্গে বঙ্গবন্ধুর শাসনামলে দেশে রূপসা সেতু নির্মাণে জাপানের সহযোগিতার কথাও স্মরণ করেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৩। **প্রধানমন্ত্রীর কাছে ৫ লাখ ২৩ হাজার কোটি টাকার খসড়া বাজেট পেশ**

আগামী ১৩ জুন সংসদে বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী

আগামী ২০১৯-২০ অর্থবছরের জন্য ৫ লাখ ২৩ হাজার ১৯০ কোটি টাকার খসড়া বাজেট প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে উপস্থাপন করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। চূড়ান্ত অনুমোদনের জন্য গতকাল (২০ মে সোমবার) উপস্থাপন করা হলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কিছু নির্দেশনা দেন। প্রতিটি জেলায় সুষম উন্নয়নের কথা মাথায় রেখে বাজেট করার নির্দেশ দেন তিনি। প্রধানমন্ত্রীর সর্বশেষ দিকনির্দেশনা নিয়েই এটি চূড়ান্ত করা হবে। আগামী ১৩ জুন জাতীয় সংসদ অধিবেশনে প্রথমবারের মতো বাজেট ঘোষণা করবেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩)।

৪। **সরাসরি পিডিদের কাছে অর্থ যাবে : পরিকল্পনামন্ত্রী**

দেশের উন্নয়ন বাস্তবায়নের সুবিধার্থে এবারই প্রথম বাজেটের প্রথম দিনে প্রকল্প পরিচালকদের (পিডি) সরাসরি অর্থ বরাদ্দ দেওয়া হবে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। তিনি জানান, এবার বাজেটে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বিভিন্ন ধরনের ভাতার পরিমাণ বাড়ার সম্ভাবনা নেই। তবে ভাতাভোগীদের সংখ্যা বাড়ানোর বিষয়ে সরকার চিন্তাভাবনা করছে। গতকাল (২০ মে সোমবার) রাজধানীর ব্র্যাক সেন্টারে দরিদ্রবান্ধব নগর উন্নয়ন বিষয়ে প্রাক-বাজেট সংলাপ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৩), **ইনকিলাব** (শেষ পৃ.ক.১)।

৫। বিজ্ঞান চর্চায় ড. ওয়াজেদ মিয়ার অবদান ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রেরণা যোগাবে : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, যে জাতি গুণিজনদের সম্মান জানায়, সে জাতি বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়ায়। প্রজন্ম থেকে প্রজন্মে ড. ওয়াজেদ মিয়ার নাম ইতিহাসের পাতায় লেখা থাকবে। বিজ্ঞান চর্চায় তাঁর অবদান ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রেরণা যোগাবে। স্পিকার বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মকে ড. ওয়াজেদ মিয়ার জীবন থেকে শিক্ষা নেওয়ার আহ্বান জানান। গতকাল (২০ মে সোমবার) বাংলাদেশ শিল্পকলা একাডেমির চিত্রশালা মিলনায়তনে সাধনা সংসদ আয়োজিত পরমাণু বিজ্ঞানী ড. এম এ ওয়াজেদ মিয়ার ১০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৫)।

৬। কাজে গতি বাড়াতে মন্ত্রিসভায় পরিবর্তন : সেতুমন্ত্রী

সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সময়ের প্রয়োজনে কাজের গতি বাড়াতে মন্ত্রিসভায় পরিবর্তন আনা হয়েছে। কাজের সুবিধার জন্য দুই মন্ত্রণালয়ে মন্ত্রী ও প্রতিমন্ত্রীর দায়িত্ব ভাগ করে দেওয়া হয়েছে। গতকাল (২০ মে সোমবার) রাজধানীর বনানীতে সেতু ভবনে সেতু বিভাগের চলমান প্রকল্প সমন্বয় বিষয়ক বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ের সময় তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৭। সরকার কৃষকের পাশে আছে : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, সরকার কৃষকের পাশে আছে। সরকার কৃষকের পাশে আছে বলে বিভিন্ন কৃষি উপকরণের দাম কয়েকগুণ কমিয়ে উৎপাদন বৃদ্ধি করেছে। প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশ আজ খাদ্যে উদ্বৃত্ত। এখন আমরা পুষ্টির দিকে নজর দিয়েছি। গতকাল (২০ মে সোমবার) কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশের অডিটরিয়ামে উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তর শীর্ষক প্রশিক্ষণ প্রকল্পের (৩য় পর্যায়ে) আওতায় উপজেলা কৃষি কর্মকর্তাদের গাড়ি বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

৮। বিএনপির নেতৃত্ব খালেদা-তারেকের হাতে নেই : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বিএনপির নেতৃত্ব খালেদা জিয়া ও তারেক রহমানের হাতে নেই। তারেক রহমান যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত পলাতক আসামি, দেশের বাইরে অবস্থান করছেন। সেখান থেকে দলকে নেতৃত্ব দেওয়া সহজ নয়। সে কারণে বিএনপির বহু সিদ্ধান্ত বাস্তবসম্মত ছিল না। গতকাল (২০ মে সোমবার) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের এসব কথা বলেন তথ্যমন্ত্রী। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

৯। বিচারাধীন মামলার সংবাদ প্রকাশ নিয়ে ভুল বোঝাবুঝির ব্যাখ্যা দেবে সুপ্রিম কোর্ট প্রশাসন : আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বিচারাধীন মামলা নিয়ে সংবাদ প্রকাশ করা যাবে না সুপ্রিম কোর্ট প্রশাসনের এ নির্দেশনা নিয়ে ভুল বোঝাবুঝি হয়েছে। শীঘ্রই এ নির্দেশনা সম্পর্কে ব্যাখ্যা দিয়ে ভুল বোঝাবুঝি দূর করা হবে বলে আশা করেন তিনি। গতকাল (২০ মে সোমবার) প্রধান বিচারপতির সঙ্গে তাঁর দপ্তরে সাক্ষাতের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (শেষ পৃ.,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৫)।

১০। আঞ্চলিক বিদ্যুৎ উন্নয়ন প্রকল্পে এডিবির অর্থায়ন চায় বাংলাদেশ

জলবিদ্যুৎসহ প্রতিবেশী দেশগুলোর সঙ্গে বিদ্যুৎ সঞ্চালন ও সরবরাহের মতো আঞ্চলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলোতে এডিবিকে অর্থায়নের অনুরোধ করেছে বাংলাদেশ। গতকাল (২০ মে সোমবার) পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে তাঁর কার্যালয়ে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশ সাক্ষাৎ করতে এলে তিনি এ অনুরোধ জানান। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

১১। পণ্যের মানের বিষয়ে জিরো টলারেন্স : শিল্পমন্ত্রী

পণ্যের মানের বিষয়ে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইন্সটিটিউশনকে (বিএসটিআই) জিরো টলারেন্স নীতি গ্রহণের নির্দেশ দিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, পণ্যের মান এবং পরিমাপ সম্পর্কিত যে কোনো ধরনের অনিয়ম প্রতিরোধে বিএসটিআইকে আপসহীন হতে হবে। জাতীয় মান নির্ধারণী প্রতিষ্ঠান হিসেবে পণ্য ও সেবার গুণগতমান সুরক্ষা বিএসটিআইর দায়িত্ব। সম্প্রতি বিএসটিআইর বিভিন্ন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে তিনি বলেন, বিএসটিআইর কর্মকাণ্ড মানুষের মধ্যে সাড়া ফেলেছে। গতকাল (২০ মে সোমবার) বিশ্ব মেট্রোলজি দিবস উপলক্ষে তেজগাঁওয়ের বিএসটিআই মিলনায়তনে আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

১২। চট্টগ্রাম বন্দরের গতিশীলতা বৃদ্ধি সরকারের প্রথম অগ্রাধিকার : নৌ-প্রতিমন্ত্রী

দেশের অর্থনীতির গুরুত্বপূর্ণ মূল চালিকাশক্তি চট্টগ্রাম বন্দরের সম্প্রসারণ ও গতিশীলতা বৃদ্ধি সরকারের প্রথম অগ্রাধিকার। দেশের অর্থনীতির আকার ও আমদানি-রফতানি বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে বন্দরের সম্প্রসারণে পর্যায়ক্রমে সকল উদ্যোগ বাস্তবায়িত হবে। কর্ণফুলীসহ গুরুত্বপূর্ণ পাঁচ নদীকে দখল ও দূষণমুক্ত করা হবে। এ বিষয়ে দু-এক দিনের মধ্যে মাস্টারপ্ল্যান অনুমোদন দেবেন প্রধানমন্ত্রী। গতকাল (২০ মে সোমবার) চট্টগ্রাম বন্দরে সম্মেলনকক্ষে আয়োজিত মতবিনিময় সভাশেষে গণমাধ্যমকর্মীদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন নৌ-পরিবহণ প্রতিমন্ত্রী খালেদ মাহমুদ চৌধুরী। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **সমকাল** (পৃ.৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

১৩। প্রাথমিকে নতুন করে প্রধান শিক্ষক নিয়োগ নয় : গণশিক্ষা প্রতিমন্ত্রী

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন বলেছেন, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন করে আর প্রধান শিক্ষক নিয়োগ দেয়া হবে না। সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পদায়ন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। গতকাল (২০ মে সোমবার) রাজধানীর প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে (পিটিআই) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর আয়োজিত 'উদ্ভাবনী মেলা ও শোকেসিং-২০১৯'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৩)।

১৪। বিমানের হজ ফ্লাইটের টিকিট বিক্রি শুরু

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের হজ ফ্লাইট শুরু হচ্ছে আগামী ৪ জুলাই থেকে। গতকাল (২০ মে সোমবার) শুরু হয়েছে টিকিট বিক্রি। বিমান বাংলাদেশের জনসংযোগ শাখার মহাব্যবস্থাপক জানান, সুষ্ঠুভাবে হজ ফ্লাইট পরিচালনার সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। হজ এজেন্সি ও যাত্রীরা যথাসময়ে টিকিট সংগ্রহ করলে ফ্লাইট নিয়ে জটিলতার আশঙ্কা নেই। তিনি আরও জানান, চলতি মৌসুমে বাংলাদেশ থেকে ১ লাখ ২৭ হাজার ১৯৮ জন হজ করতে যাবেন। তাদের মধ্যে বিমানের ফ্লাইটে সৌদি আরব যাবেন ৬৩ হাজার ৫৯৯ জন। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

১৫। ব্যাংক ঋণের সুদ ৯% না নামালে সরকারি তহবিল নয়

ব্যাংক ঋণের সুদ হার কমাতে নতুন নির্দেশনা জারি করেছে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। যেসব ব্যাংক ৯ শতাংশ সুদে ঋণ দেবে না, সেসব ব্যাংক আমানত হিসেবে সরকারি তহবিলের অর্থ পাবে না। এমনকি যারা ইতোমধ্যে ৯ শতাংশে ঋণের সুদ হার নামিয়ে আনতে ব্যর্থ হয়েছে সেসব ব্যাংকও এ সুবিধা পাবে না। গতকাল (২০ মে সোমবার) অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে এমন নির্দেশনা দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.ক.৫), **যায়যায়দিন** (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** এবার ঈদে পেশাদার চালক ছাড়া কেউ গাড়ি চালাতে পারবেনা স্বরাষ্ট্রমন্ত্রী এ হুঁশিয়ারি উচ্চারণ করছেন উল্লেখ করে বাস্তবে তা যথাযথভাবে কার্যকর করার ওপর গুরুত্বারোপ।

খ. **বণিক বার্তা, জনকণ্ঠ :** বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের ভাষানচরে দ্রুত পুনর্বাসনের সুপারিশ।

গ. **যায়যায়দিন :** সব চ্যালেঞ্জ জয় করে প্রতিনিয়তই এগিয়ে যাচ্ছে মেট্রোরেলের নির্মাণকাজ উল্লেখ করে সুষ্ঠু ব্যবস্থাপনার মধ্য দিয়ে যথাসময়ে সংশ্লিষ্টরা মেট্রোরেলের নির্মাণকাজ শেষ করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **ভোরের কাগজ :** ফল দ্রুত পাকানো এবং দীর্ঘদিন সংরক্ষণের জন্য রাসায়নিক পদার্থের ব্যবহার ভয়াবহ রকম বেড়ে গেছে যা মানবদেহের জন্য খুবই ক্ষতিকর উল্লেখ করে এ ব্যাপারে কঠোর আইন প্রয়োগের ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ :** চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষায় শুধু ঢাকা শিক্ষা বোর্ডেই এক লাখ ৪০ হাজার ৯২৩টি খাতা পুনঃনিরীক্ষার আবেদন পড়েছে উল্লেখ করে খাতা মূল্যায়ন নিয়ে এসব অরাজকতা বন্ধে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

চ. **বাংলাদেশ টুডে :** ঢাকাকে পরিচ্ছন্ন রাখতে সঠিকভাবে বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **ঢাকা ট্রিবিউন :** শিশুদের জন্য নিরাপদ পরিবেশ গড়ে তোলার আহ্বান।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'পরিবেশ রক্ষায় চাই বৃক্ষরোপণ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সামাজিকভাবে বৃক্ষরোপণ কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন স্কুল, কলেজসহ নানা প্রতিষ্ঠানের আশেপাশে, পতিত জমি, রাস্তার পাশে, নদীর পাড়ে গাছ লাগানো অতীব গুরুত্বপূর্ণ।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা